



বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

সাভার, ঢাকা-১৩৪৩

<https://bpatc.gov.bd>

গবেষণা-১ শাখা



নম্বর ০৫.০১.২৬৭২.১৫৪.৯৯.০০২.২২.২

তারিখ: ১১ মাঘ ১৪২৯

২৫ জানুয়ারি ২০২৩

বিজ্ঞপ্তি

বিষয়: ২০২৩-২০২৪ অর্থবছরের আওতায় গবেষণা প্রস্তাব আহ্বান।

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব বাজেটের আওতায় নিম্নবর্ণিত শর্তানুসারে গবেষণা প্রস্তাব আহ্বান করা যাচ্ছেঃ

১। গবেষণা প্রস্তাব আগামী ১৬ মার্চ ২০২৩ তারিখ অফিস সময়ের মধ্যে পরিচালক (গবেষণা ও উন্নয়ন), বিপিএটিসি, সাভার, ঢাকা-১৩৪৩ বরাবর প্রেরণ করতে হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য কেন্দ্রের উপ-পরিচালক (গবেষণা) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

২। গবেষণা প্রস্তাব নিম্নবর্ণিত স্পেসিফিকেশনসমূহ অনুসরণপূর্বক ২০০০ শব্দের মধ্যে (গবেষকের CV ব্যতীত) সীমিত রাখতে হবে:

- পৃষ্ঠার উপরে ও নিচে ১" এবং ডানে ও বামে ১.৫" মার্জিন,
- প্রস্তাব ইংরেজি ভাষায় Time New Roman, Font size 12 হতে হবে,
- Line spacing হবে 1.5।

৩। গবেষণা প্রস্তাবের অগ্রাধিকারপ্রাপ্ত বিশদ খাতসমূহ (broad areas): Problems-oriented action research on any issue relating to BPATC's mandates; Civil service leadership; Public sector management issues; Public policy; Civil service competency; Human resource management; Climate change।

৪। গবেষণার সকল কার্যক্রম কেন্দ্রের গবেষণা নীতিমালায় বর্ণিত নিয়মাবলী অনুসারে পরিচালিত হবে।

৫। গবেষণা প্রস্তাবে অন্তর্ভুক্ত থাকবে: (ক) Title; (খ) Introduction (Background, problem statement); (গ) Objectives; (ঘ) Rationale; (ঙ) Scope of the study; (চ) Methodology (data requirements, collection methods, and analysis methods); (ছ) Timeline; (জ) Research Team; (ঝ) Budget; (ঞ) References; (ট) CV of researchers।

৬। গবেষণা প্রস্তাবের সাথে একটি পৃথক পৃষ্ঠায় অনধিক ৩০০ শব্দের মধ্যে গবেষণা প্রস্তাবের একটি সারসংক্ষেপ জমা দিতে হবে যেখানে থাকবে Title, Problem statement, Objectives, Rationale, Methodology।

৭। কেন্দ্রের অনুমদ সদস্যগণ কেন্দ্র-বহির্ভূত অভিজ্ঞ গবেষকগণকে অন্তর্ভুক্ত করে যৌথভাবে গবেষণা প্রস্তাব পেশ করতে পারবেন।


৮। কেন্দ্র-বহির্ভূত অভিজ্ঞ গবেষকগণ কেন্দ্রের অন্তত একজন অনুমদ সদস্যকে গবেষণা দলে অন্তর্ভুক্ত করে গবেষণা প্রস্তাব

পেশ করতে পারবেন।

৯। কেন্দ্রের বর্তমান গবেষণা নীতিমালার ৫.৬.৪ সংখ্যক অনুচ্ছেদ অনুযায়ী, কেন্দ্রের কোন গবেষণা প্রকল্পে কেন্দ্র-বহির্ভূত গবেষক যুক্ত থাকলে, কেন্দ্রের সংশ্লিষ্ট গবেষকের অনুকূলে গবেষণার অর্থ ছাড় করা হবে এবং তিনি সংশ্লিষ্ট গবেষণার সকল আর্থিক দায়-দায়িত্ব বহন করবেন।

১০। প্রাপ্ত গবেষণা প্রস্তাবসমূহ বাছাইপূর্বক শুধুমাত্র উপরে উল্লিখিত স্পেসিফিকেশন ও কাঠামো অনুসারে দাখিলকৃত প্রস্তাব, গবেষণা নীতিমালার ৩.৪.৩-৩.৪.৯ সংখ্যক অনুচ্ছেদ অনুসরণপূর্বক, অনুষদ সেমিনারে উপস্থাপন করা হবে। উপস্থাপিত প্রস্তাবগুলো সেমিনারের রিপোর্টসহ গবেষণা কমিটির নিকট পেশ করা হবে। গবেষণা কমিটি কর্তৃক সুপারিশকৃত গবেষণা প্রস্তাবসমূহ রেক্টর, বিপিএটিসি, অনুমোদন করলে অফিস আদেশ জারি করা হবে।

১১। গবেষণা প্রস্তাব সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের সময় যে গবেষণা নীতিমালা বলবৎ থাকবে, সেই সমকালীন নীতিমালার শর্তাবলী সিদ্ধান্ত গ্রহণে প্রযোজ্য হবে।



২৫-১-২০২৩

ড. মোঃ জহুরুল ইসলাম
পরিচালক

ফোন: ০১৭১৬৪৫৮৯৬৪

ফ্যাক্স: ০২২২৪৪৪৫০২৯

ইমেইল: zohur68@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অনুষদ সদস্য (সকল), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা-১৩৪৩।
- ২) রেক্টর-এর একান্ত সচিব, রেক্টর এর দপ্তর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
- ৩) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার-৪ এর দপ্তর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)